গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০০৩৫.২৩.১৩৩০

তারিখ: ২৮/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
১১/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

## অফিস আদেশ

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশে বিরাজমান অতিরিক্ত গরম এবং বর্ষাকালীন প্রতিকূল আবহাওয়ার কারণে বিভিন্ন প্রকার পোকামাকড়, বিশেষ করে সাপের উপদ্রব উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। এছাড়াও মশা, মাছি ও অন্যান্য ক্ষতিকর কীটপতঙ্গের বিস্তারও লক্ষণীয়ভাবে বেড়েছে, যা ডিউটিরত আনসার ব্যাটালিয়ন সদস্য ও অঙ্গীভূত আনসার সদস্যদের স্বাভাবিক দায়িত্ব পালনে প্রতিবন্ধকতা সৃষ্টি করার পাশাপাশি তাদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ পরিস্থিতির উদ্ভব ঘটাতে পারে। সদস্যদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

২। **নির্দেশনাসমূহ**।

ক। সরকারি-বেসরকারি অফিস, শিল্পপ্রতিষ্ঠান, গুদামঘর, নির্মাণাধীন স্থাপনা, খোলা মাঠ, ঝোপঝাড় সংলগ্ন এলাকা এবং অপেক্ষাকৃত নির্জন স্থানে দায়িত্ব পালনকারী সদস্যগণ সাপ ও অন্যান্য বিষাক্ত প্রাণীর সংস্পর্শে আসার ঝুঁকিতে রয়েছেন। রাত্রীকালীন দায়িত্ব পালনের সময় পর্যাপ্ত আলো ও দৃশ্যমানতার অভাবের কারণে এ ধরনের ঝুঁকি আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকে। ফলে দায়িত্ব পালনকালে যেকোনো ধরনের দুর্ঘটনা বা অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে সকল সদস্যকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;

খ। ইউনিট/ক্যাম্পের আশপাশের ঝোপঝাড় ও ঘাস কেটে ছোট রাখতে হবে;

গ। এলাকা পরিস্কার পরিচ্ছন্ন ও দুর্গন্ধমুক্ত রাখতে হবে;

ঘ। চলাফেরার সময় বুট, জুতা ও ফুলপ্যান্ট পরিধান করতে হবে;

ঙ। ডিউটির সময় হাতে টর্চলাইট ও লাঠি ব্যবহার করতে হবে;

চ। ব্যারাক/পোস্টের চারপাশে কার্বলিক অ্যাসিড ব্যবহার করতে হবে;

ছ। সকল সদস্যকে দায়িত্ব পালনকালে সতর্কতা অবলম্বন করতে হবে এবং ঝোপঝাড়, ঘাসযুক্ত এলাকা, পরিত্যক্ত স্থাপনা, গর্ত বা সাপের সম্ভাব্য আবাসস্থলে চলাচলের সময় বিশেষ সতর্ক থাকতে হবে;

জ। রাতের বেলায় চলাচলের সময় অবশ্যই টর্চলাইট বা পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে;

ঝ। ক্যাম্প, পোস্ট, অফিস ও আবাসিক এলাকার আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঝোপঝাড় নিয়মিত পরিষ্কার করতে হবে;

ঞ। কোনো সদস্য সাপ দেখতে পেলে নিজে ধরার বা মারার চেষ্টা না করে নিরাপদ দূরত্ব বজায় রাখবে এবং বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবে;

ট। সাপের কামড়ের ঘটনা ঘটলে আক্রান্ত ব্যক্তিকে দ্রুত নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালে প্রেরণের ব্যবস্থা করতে হবে;

ঠ। সাপের কামড়ের ক্ষেত্রে ঝাড়ফুঁক, ক্ষতস্থান কাটা, বিষ চুষে বের করার চেষ্টা বা অন্য কোনো বৈজ্ঞানিকভাবে অগ্রহণযোগ্য পদ্ধতি অবলম্বন করা যাবে না;

ড। আক্রান্ত ব্যক্তিকে যতটা সম্ভব শান্ত রাখতে হবে এবং আক্রান্ত অঙ্গের নড়াচড়া সীমিত করে দ্রুত চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঢ। ইঁদুর সাপের প্রধান খাবার, তাই ব্যারাক/পোস্টে ইঁদুরের উপদ্রব থাকলে তা দূর করতে হবে;

ণ। জুতো পরার আগে সবসময় ঝেড়ে নিতে হবে;

ত। সকল ইউনিট কমান্ডার/কোম্পানি কমান্ডার/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ অধীনস্থ সদস্যদের ব্যক্তিগত নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিত করার পাশাপাশি দায়িত্ব পালনে সর্বোচ্চ পেশাদারিত্ব, সতর্কতা ও দায়িত্বশীলতার পরিচয় প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান নিশ্চিত করতে হবে;

থ। প্রয়োজনীয় ক্ষেত্রে সদস্যদের সাপের কামড় প্রতিরোধ ও প্রাথমিক করণীয় বিষয়ে ব্রিফিং ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**সংযুক্ত:** বিষধর সাপের কামড় চেনার উপায় ও বাঁধনের নমুনা ক্রোড়পত্র-ক ০১ (এক) পাতা।

১১-০৬-২০২৬

মোঃ আবু বকর সিদ্দিক, বিভিএমএস
বিএভি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর: ০১৭৩০০৩৮০১২
ওয়েবমেইল:ddadmin@ansarvdp.gov.bd

E:\Babul\Letter (a4)-2.docx

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০০৩৫.২৩.৯৯৩০

তারিখ: ২৮/০২ /১৪৩৩ বঙ্গাব্দ।
১১/০৬ /২০২৬ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | কমান্ড্যান্ট<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ..............................রেঞ্জ। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | পরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা। | " |
| ৬। | পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএমএ)। | " |
| ৭। | পরিচালক (সকল)......................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৮। | অধিনায়ক (সকল)<br>........................আনসার ব্যাটালিয়ন (......বিএন),...............................। | " |
| ৯। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা । | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়......................................................। | অধীন সকল উপজেলা কর্মকর্তাগণকে অবহিতকরণ ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম.................। | " |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৭। | সহকারী পরিচালক (সকল)..................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৮। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য |
| ১৯। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য। |
| ২০। | অফিস/মাস্টার কপি। | |

(স্বাক্ষর)
১১-০৬-২০২৬
উপপরিচালক (প্রশাসন)

E:\Babul\Letter (a4)-2.docx

**বিষধর সাপের কামড় চেনার উপায়:** দাঁতের দাগের ধরন: বিষধর সাপের কামড়ে সাধারণত দুটি গভীর ফ্যাং (দাঁত) এর দাগ দেখা যায় যা একে অপরের থেকে কিছুটা দূরে থাকে। তার নমুনা চিত্রে দেখানো হলো।




**বিষধর সাপের কামড় এর নমুনা**




সাপের কামড়ের স্থানের উপরে বাঁধনের নমুনা